দৈনিক ইত্তেফাক

তারিখ 06 DEC 1991
পৃষ্ঠা ২ ... কলাম ...

# আলিম ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশ

ইত্তেফাক রিপোর্ট ॥ গতকাল (বৃহস্পতিবার) বাংলাদেশ মাদ্রাসা ...াবোর্ডের অধীনে ১৯৯১ সালের আলিম, ফাজিল ও কামিল পরীক্ষার ফল প্রকাশিত হইয়াছে। আলিমের সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির এই তিন গ্রুপে মোট ২৯ হাজার ২৬ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ৩৭৮ জন প্রথম বিভাগ, ৪ হাজার ৮১১ জন দ্বিতীয় বিভাগসহ মোট

(১০ম পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

12

## ফল প্রকাশ

(১ম পৃঃ পর)

১৪ হাজার ২৯৩ জন উত্তীর্ণ হয়। ফাজিল পরীক্ষায় মোট ১৪ হাজার ১২৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ৮৫ জন প্রথম বিভাগ, ২ হাজার ৫৭৯ জন দ্বিতীয় বিভাগ সহ মোট ৭ হাজার ৫৬১ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। কামিলের হাদীছ, ফিক্হ, তাফসীর ও আদব এই চারটি বিভাগে মোট ৭ হাজার ৮০৭ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে ১৩৬ জন প্রথম শ্রেণী, ৩ হাজার ১২৩ জন দ্বিতীয় শ্রেণীসহ মোট ৫ হাজার ৭০৯ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। পৃথকভাবে পাসের হার আলীম ৪৯ দশমিক ২৪ ভাগ, ফাজিল ৫৩ দশমিক ৫২ ভাগ ও কামিল ৭৩ দশমিক ১২ ভাগ। আলীম সাধারণ, বিজ্ঞান ও মুজাব্বিদ-ই-মাহির গ্রুপে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে বরগুনার করুণা মোকামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র শাহ মোঃ মনিরুজ্জামান। তাহার মোট প্রাপ্ত নম্বর ৮৩৭। ফাজিল পরীক্ষায় মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে কুমিল্লার ইসলামিয়া আলিয়া মাদ্রাসার ছাত্র মোহাম্মদ আনোয়ারুল আজীম মজুমদার ও চাঁদপুরের নিশ্চিন্তপুর ডি, এস, ইসঃ আলিয়া মাদ্রাসার ছাত্র আবু সালেহ মোঃ ফখরুদ্দিন। প্রাপ্ত নম্বর ৬৯৫। কামিল হাদীছ, ফিক্হ, তাফছীর ও আদব বিভাগে সম্মিলিত মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে ঢাকার তামিরুল মিল্লাত আলিয়া মাদ্রাসার ছাত্র মুহাম্মদ আব্দুর রহমান। সে পাইয়াছে মোট ৮৭১ নম্বর। এই বছর আলিম, ফাজিল ও কামিল পরীক্ষায় মোট ১ হাজার ৬৬৫ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। তন্মধ্যে আলিমের তিনটি গ্রুপে ১ হাজার ৩৪২ জন, ফাজিল ২৮৭ জন ও কামিলের ৪টি বিভাগে ৩৬ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। আলিম বিভাগে ৬ জন প্রথম বিভাগ ১৫৫ জন দ্বিতীয় বিভাগ, ৪০১ জন তৃতীয় বিভাগসহ মোট ৫৬২ জন ছাত্রী উত্তীর্ণ হয়। ফাজিল বিভাগে ১ জন প্রথম বিভাগ, ৪৮ জন দ্বিতীয় বিভাগ ও ৯৮ জন তৃতীয় বিভাগসহ মোট ১৪৭ জন ছাত্রী উত্তীর্ণ হয়। কামিল বিভাগসমূহে ৩ জন প্রথম বিভাগ, ১৩ জন দ্বিতীয় বিভাগ ও ১১ জন তৃতীয় বিভাগসহ মোট ২৭ জন ছাত্রী উত্তীর্ণ হয়। পৃথকভাবে ছাত্রীদের ক্ষেত্রে পাসের হার আলিম ৪১ দশমিক ৮৭ ভাগ, ফাজিল ৫১ দশমিক ২২ ভাগ ও কামিল বিভাগে ৭৫ ভাগ। কামিলে ছাত্রদের পাসের হার ৭৩ দশমিক ১১ ভাগ। আলিম পরীক্ষায় সাধারণ ও বিজ্ঞান গ্রুপের মহিলাদের মধ্যে মেধা তালিকায় প্রথম স্থান অধিকার করিয়াছে ময়মনসিংহের কাতলাসেন কাদেরিয়া আলিয়া মাদ্রাসার ছাত্রী রওশন আরা বেগম। সে মোট ৬৭৫ নম্বর পাইয়াছে। একই মাদ্রাসার রাজিয়া সুলতানা দ্বিতীয় স্থান অধিকার করিয়াছে।

উল্লেখ্য, ফলাফলের সহিত বোর্ডের এক বিজ্ঞপ্তিতে বলা হয়,